

জনতা ব্যাংক লিমিটেড
জেনারেল ব্যাংকিং ডিপার্টমেন্ট
প্রধান কার্যালয়
ঢাকা।
ফোন : ৯৫৫০৮৭৩



নির্দেশ বিজ্ঞপ্তি নং : ৯৭৫/২০

তারিখ : ২৬/০৮/২০২০ খ্রিস্টাব্দ
১১ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, সিইও এন্ড এমডি এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
বাংলাদেশ।

বিষয়ঃ **CD, SB, SND এর অনুরূপ Recurrent Deposit (RD) এবং Credit Module এ OIBT এ চালু করাসহ উক্ত লেনদেনের সময়সীমা পরিবর্তন প্রসঙ্গে।**

মহোদয়,

অত্র ব্যাংক এর সকল শাখায় T24 অনলাইন সফটওয়্যার এর মাধ্যমে CD, SB, SND হিসাবসমূহের ক্ষেত্রে আন্তঃ শাখা লেনদেন চালু রয়েছে। পরবর্তীতে পর্যায়ক্রমে সকল মডিউল নিয়ে শাখাসমূহ T24 সফটওয়্যার এর আওতায় আনার কার্যক্রম পরিচালিত হয়। সকল শাখা সকল মডিউল নিয়ে সম্পূর্ণরূপে T24 সফটওয়্যার এর আওতায় না আসায় এতদিন Recurrent Deposit (JBSPS, JBDS, EDS, MDS ইত্যাদি) এবং Credit Module (CC, ECC, SOD ইত্যাদি) এ আন্তঃ শাখা লেনদেন চালু করা সম্ভব হয়নি।


এক্ষণে, সকল শাখা সকল মডিউল নিয়ে পূর্ণাঙ্গরূপে T24 অনলাইন ব্যাংকিং সফটওয়্যার এর মাধ্যমে লাইভ অপারেশনে পরিচালিত হওয়ায় ব্যাংকিং কার্যক্রমকে আরো গতিশীল এবং গ্রাহক পর্যায়ে গ্রহণযোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে Recurrent Deposit এবং Credit Module এ OIBT চালু করা প্রয়োজন বিধায় সংশ্লিষ্ট বিষয়ে গঠিত কমিটির সুপারিশের প্রেক্ষিতে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রদান করা হলো :-


- সকল ধরনের মেয়াদী আমানত তথা All Recurrent Deposit (JBSPS, JBDS, EDS, MDS etc) এর হিসাব/Account যে শাখায়ই খোলা হোকনা কেন উক্ত হিসাবের মাসিক জমার টাকা অত্র ব্যাংকের যেকোন শাখা হতে জমা করা যাবে। তবে, উক্ত হিসাবটির যাবতীয় ডকুমেন্টস যেহেতু যে শাখায় হিসাবটি খোলা হয়েছে সেই শাখায় সংরক্ষিত আছে তাই হিসাবটির মেয়াদান্ত/মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই encashment/premature encashment এর ক্ষেত্রে যে শাখায় হিসাবটি খোলা হয়েছে শুধুমাত্র সেই শাখা থেকে উত্তোলন করতে হবে।
- সকল ধরনের চলমান ঋণ ও অগ্রীম হিসাব যার বিপরীতে চেক বই ইস্যু করা হয়েছে তথা All Continuous Loans and advances with Cheque Bearing A/Cs (CC, ECC, SOD etc) এর হিসাব/Account যে শাখায়ই খোলা হোকনা কেন উক্ত হিসাবসমূহে যেকোন শাখা হতে টাকা জমা এবং উত্তোলন করা যাবে। তবে যে শাখায় ঋণ ও অগ্রীম হিসাবটি রয়েছে সেই শাখা কর্তৃক T24 সফটওয়্যারের Credit Module এ সংশ্লিষ্ট ঋণ মঞ্জুরী/নবায়নের তারিখ, মেয়াদ উত্তীর্ণের তারিখ, ঋণসীমা, T/P, D/P(প্রযোজ্য ক্ষেত্রে) ইত্যাদি প্রয়োজনীয় তথ্যাদি হালনাগাদ থাকতে হবে।
- চলমান ঋণ ও অগ্রীম হিসাব ব্যতীত অন্যান্য ঋণ হিসাবসমূহের ক্ষেত্রে উক্ত হিসাবসমূহের ঋণের কিস্তি অত্র ব্যাংকের যেকোন শাখা হতে জমা করা যাবে তবে উত্তোলন করা যাবে না।
- এখন থেকে সকল শাখা সকল মডিউল নিয়ে T24 এর মাধ্যমে পরিচালিত হওয়া OIBT লেনদেনের সময়সীমা সার্বক্ষণিক উন্মুক্ত থাকবে।

উল্লিখিত নির্দেশনাসমূহ বাস্তবায়নের লক্ষ্যে তথ্য প্রযুক্তি সংক্রান্ত আনুষঙ্গিক কাজ সম্পন্ন করে শাখা পর্যায়ে LIVE অপারেশন করতে কিছুটা সময়ের প্রয়োজন বিধায় এ নির্দেশনা ৩০ সেপ্টেম্বর ২০২০ হতে কার্যকর হবে।

এ বিষয়ে কোনরূপ স্পষ্টীকরণ বা ব্যাখ্যার প্রয়োজন হলে আইসিটিডি-অপারেশন, প্রধান কার্যালয়, ঢাকা'র সাথে যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত


মোঃ আবদুর রউফ
উপ-মহাব্যবস্থাপক
২৬/৮/২০২০


মোঃ আসাদুজ্জামান
মহাব্যবস্থাপক
২৬/৮/২০২০